বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন
ইউজিসি ভবন, প্লট নং- ই-১৮/এ, আগারগাঁও প্রশাসনিক এলাকা, শেরে বাংলানগর, ঢাকা-১২০৭।
ফোনঃ ৮১৮১৬২১, ফ্যাক্সঃ ৮১৮১৬২৯, web: www.ugc.gov.bd

বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন

স্মারক নং ঃ ইউজিসি/বেঃবিঃ/৫৫৪(২)/২০১০/ ২৭৭৬

তারিখ ঃ ২৬ চৈত্র ১৪২৪ বঙ্গাব্দ
০৯ এপ্রিল ২০১৮ খ্রিষ্টাব্দ

রেজিস্ট্রার
সেন্ট্রাল ইউনিভার্সিটি অব সায়েন্স এন্ড টেকনোলজি
প্লট নং - এ/৫, ব্লক - ডি, মিরপুর - ১৪, ঢাকা।

**বিষয় ঃ B Sc in Computer Science & Engineering (4 years) প্রোগ্রাম অনুমোদন প্রসঙ্গে।**

জনাব,

আপনাদের বিশ্ববিদ্যালয়ের জন্য প্রস্তাবিত B Sc in Computer Science & Engineering (4 years) প্রোগ্রামটি নিম্নোক্ত শর্তে অনুমোদন করা হলো ঃ

(১) ক্রেডিট আওয়ারস্ (১৬৮.৭৫) সহ সিলেবাসে মৌলিক বা গুরুত্বপূর্ণ কোন পরিবর্তনের প্রয়োজন হলে কমিশন কর্তৃপক্ষের অনুমোদন নিতে হবে।
(২) প্রোগ্রামটি শুধুমাত্র বিশ্ববিদ্যালয়ের উল্লিখিত ক্যাম্পাসে পরিচালনা করতে হবে, অন্য কোন ক্যাম্পাসে নয়।
(৩) **Dual Semester ভিত্তিক প্রোগ্রামটি পরিচালনা করতে হবে।**
(৪) **প্রোগ্রামটি ডিস্ট্যান্স লার্নিং 'mode' এ পরিচালনা করা যাবে না। এছাড়াও এ প্রোগ্রামটি সান্ধ্য / শুক্র - শনি ইত্যাদি নামে শিক্ষা কার্যক্রম পরিচালনা করা যাবে না।**
(৫) প্রোগ্রামটিতে শিক্ষার্থী ভর্তির ক্ষেত্রে এইচ.এস.সি/এ-লেভেল বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে। O-Level পাশ করা শিক্ষার্থীদেরকে বিশ্ববিদ্যালয়ে ভর্তি করা যাবে না। ভর্তিচ্ছু শিক্ষার্থীদের এস. এস. সি এবং এইচ.এস.সি বা সমমানের পাবলিক পরীক্ষায় পৃথক পৃথক ভাবে অবশ্যই ন্যূনতম জিপিএ-২.৫০ থাকতে হবে। কোন একটি পরীক্ষায় ন্যূনতম জিপিএ ২.০০ থাকলে দুই পরীক্ষায় মোট জিপিএ অন্যূন ৬.০০ থাকতে হবে তবে মুক্তিযোদ্ধার সন্তানদের জন্য দুই পরীক্ষায় মোট জিপিএ ৫.০০ থাকলে ভর্তির যোগ্য বলে বিবেচিত হবে।
(৬) O-Level পরীক্ষার ন্যূনতম ৫টি বিষয় (Subject) এবং A-Level পরীক্ষায় ন্যূনতম ২টি বিষয় (Subject) অবশ্যই থাকতে হবে। উক্ত দুটি পরীক্ষায় অন্যূন সাতটি বিষয়ের মধ্যে চারটিতে বি গ্রেড বা জিপিএ ৪.০০ এবং বাকী তিনটি বিষয়ে সি গ্রেড বা জিপিএ ৩.৫ অবশ্যই থাকতে হবে।
(৭) এই প্রোগ্রামটিতে বিশেষজ্ঞের মতামত অনুযায়ী প্রতি সেমিস্টারে **সর্বোচ্চ ৩০ জন** শিক্ষার্থী ভর্তি করা যাবে। কোর্সে ভর্তির সময় প্রত্যেক ছাত্র-ছাত্রীকে একটি রেজিস্ট্রেশন নম্বর প্রদান করতে হবে এবং কোর্স সম্পন্ন না হওয়া পর্যন্ত উক্ত রেজিস্ট্রেশন নম্বর বহাল থাকবে এবং বিশ্ববিদ্যালয় কর্তৃক প্রদত্ত সনদপত্র ও মার্কশীটে উক্ত রেজিস্ট্রেশন নম্বর উল্লেখ থাকতে হবে।
(৮) প্রোগ্রামটি পরিচালনার জন্য শিক্ষক নিয়োগের ক্ষেত্রে কমিশনের শিক্ষক নিয়োগ নীতিমালা অনুসরণ করতে হবে। অধ্যাপক ড. মীর মোহাম্মদ আযাদ এর সম্মতি ও যোগদান পত্র আগামী ১৫ টি কর্মদিবসের মধ্যে কমিশনে প্রেরণ করতে হবে। সহযোগী অধ্যাপক ড. মো আখতার হোসেন এর যোগ্যতা কমিশনের নীতিমালা অনুযায়ী যথাযথ নয়।
(৯) বর্ণিত কোর্সে পাঠদানের জন্য বিদেশী শিক্ষক নিয়োগ করার প্রয়োজন হলে কমিশনের অনুমোদন/সুপারিশ গ্রহণপূর্বক সরকারের নির্দিষ্ট বিভাগ/দপ্তর থেকে ওয়ার্ক পারমিট সংগ্রহ করে কমিশন অফিসে জমা দিতে হবে।
(১০) **বিশেষজ্ঞের মতামত অনুযায়ী ল্যাবরেটরি উন্নত করে কমিশনকে অবহিত করতে হবে (কপি সংযুক্ত)।**
(১১) **বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন কর্তৃক অনুমোদিত অভিন্ন গ্রেডিং পদ্ধতি যথাযথভাবে অনুসরণ করতে হবে।**
(১২) লাইব্রেরিতে এই প্রোগ্রামের উপযোগী যথেষ্ট সংখ্যক রেফারেন্স বই ও জার্নাল সংগ্রহ করতে হবে এবং **ইউজিসি ডিজিটাল লাইব্রেরীর সদস্য হতে হবে।**
(১৩) প্রোগ্রামটি পত্র জারীর তারিখ থেকে অনুমোদিত বলে গণ্য হবে। প্রোগ্রামের সিলেবাসটি পরবর্তী ০৪ (চার) বছর মেয়াদের জন্য অনুমোদিত বলে গণ্য হবে। উল্লেখিত সময়ের পর সিলেবাসটি পুনরায় আপডেট করে কমিশনের অনুমোদন নিতে হবে।
(১৪) **প্রোগ্রাম অনুমোদন পত্রটি বিশ্ববিদ্যালয়ে ভর্তিচ্ছু শিক্ষার্থীদের দৃষ্টিগোচর হয় এমন স্থানে প্রদর্শন এবং বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে প্রকাশ করতে হবে।**
(১৫) **অনুমোদিত সিলেবাস (স্বাক্ষরিত) সংরক্ষণ করতে হবে।**

২। এই প্রোগ্রামটি পরিচালনার উদ্দেশ্যে উপরোল্লিখিত শর্তসমূহ যথাযথভাবে অনুসরণ ও প্রতিপালন নিশ্চিত করার জন্য আদিষ্ট হয়ে অনুরোধ করা হলো।

কর্তৃপক্ষের অনুমোদনক্রমে,

০৯/০৪/২০১৮

সংযুক্তি: বর্ণনামতে।

জেসমিন পারভীন
উপ পরিচালক
বেসরকারি বিশ্ববিদ্যালয় বিভাগ
ফোন: ৮১৮১৫৮৫
ই-মেইল: jesminugc@yahoo.com

**সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলো:**
১। পরিচালক, আইএমসিটিডি, ইউজিসি, ঢাকা (ওয়েবসাইটে তথ্য upload করার ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হ'ল)।
২। চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব (উপ-সচিব), ইউজিসি, ঢাকা।
৩। সিনিয়র সহকারী সচিব, সদস্য (প্রফেসর ড. মোঃ আখতার হোসেন) মহোদয়ের দপ্তর, ইউজিসি, ঢাকা।
৪। ব্যক্তিগত কর্মকর্তা, সচিব মহোদয়ের দপ্তর, ইউজিসি, ঢাকা।
৫। বেঃ বিঃ গার্ড ফাইল (কম্পিউটার অপারেটর, বেঃবিঃবিঃ, ইউজিসি, ঢাকা)।
৬। সংশ্লিষ্ট নথি
৭। মহানথি ।

Shahnaz 09/04/2018
শাহনাজ সুলতানা
সহকারী পরিচালক